জেলা পরিষদ কার্যালয়

বাগেরহাট।

www.zpbagerhat.gov.bd

স্মারক নং-৪৬.৪২.০১০০.০০০.০০১.৩১.০০২২.২৬-১২৬ তারিখঃ ১৪/০৬/২০২৬খ্রি.

## ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি(৩য়বার)

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র জেলা পরিষদের আওতাধীন বাগেরহাট সদর, মোড়েলগঞ্জ ও রামপাল উপজেলার অন্তর্গত নিম্নবর্ণিত ০৬টি খেয়াঘাট (০১টি ১ম শ্রেনী, ০৪টি ২য় শ্রেনী ও ০১টি ৩য় শ্রেনীর) ২০২৬-২০২৭ অর্থবছরের (১লা জুলাই,২০২৬ হতে ৩০ জুন, ২০২৭খ্রি. পর্যন্ত ০১ বৎসর মেয়াদী) জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী পেশাদার পাটনী/আগ্রহী ব্যক্তিদের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ বাগেরহাট জেলা পরিষদ কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়(স্থানীয় সরকার শাখা), বাগেরহাট, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগেরহাট সদর, মোড়েলগঞ্জ ও রামপাল হতে খেয়াঘাটের তালিকার বিপরীতে বর্ণিত নির্ধারিত নগদ মূল্যে(অফেরতযোগ্য) নিম্নবর্ণিত তফসিল মোতাবেক দরপত্র ফরম ক্রয় ও জমা করা যাবে। খেয়াঘাটের তালিকা ও তফসিল নিম্নরূপঃ

### খেয়াঘাটের তালিকা নিম্নরুপ ঃ

| ক্রঃ নং | খেয়াঘাটের নাম | খেয়াঘাটে শ্রেনী | উপজেলার নাম | সিডিউলের মূল্য | ২০২৬-২০২৭ অর্থবছরে সম্ভাব্য ইজারামূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | নাগেরবাজার খেয়াঘাট | ২য় | বাগেরহাট সদর | ৬০০.০০ | ২,৩৪,২৫৭.০০ |
| ০২ | সুপারিপট্টি খেয়াঘাট | ২য় | বাগেরহাট সদর | ৬০০.০০ | ৩,৬৪,৭৭৭.০০ |
| ০৩ | লোকালবোর্ড খেয়াঘাট | ২য় | বাগেরহাট সদর | ৬০০.০০ | ২,৯১,০২৫.০০ |
| ০৪ | মুনিগঞ্জ খেয়াঘাট | ২য় | বাগেরহাট সদর | ৬০০.০০ | ৩,৩৭,৫১১.০০ |
| ০৫ | বলাইবুনিয়া খেয়াঘাট | ১ম | মোড়েলগঞ্জ | ১০০০.০০ | ৮,৯১,৬৬০.০০ |
| ০৬ | বড়দিয়া খেয়াঘাট | ৩য় | রামপাল | ৩০০.০০ | ১৯,৪৭০.০০ |

### দরপত্র ক্রয় ও দাখিলের ক্যালেন্ডার

| ডাক সমূহ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় (সকল কার্যালয়ে অফিস চলাকালীণ) | দরপত্র জমা দেওয়ার তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র খাম খোলার তারিখ ও সময় (জেলা পরিষদ কার্যালয়ে) | দরপত্রের সাথে যে পরিমান বায়না জমা দিতে হবে |
|---|---|---|---|---|---|
| ৩য়বার | ১৪/০৬/২০২৬খ্রি. হতে ২১/০৬/২০২৬ খ্রি. বিকাল ৪-০০ ঘটিকা পর্যন্ত | ২২/০৬/২০২৬খ্রি. বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ২২/০৬/২০২৬খ্রি. বেলা ১-১৫ ঘটিকা | ২২/০৬/২০২৬খ্রি. বেলা ৩-৩০ ঘটিকা | ১০০% |
| ৪র্থবার | ২৩/০৬/২০২৬খ্রি. হতে ২৮/০৬/২০২৬খ্রি. বিকাল ৪-০০ ঘটিকা পর্যন্ত | ২৯/০৬/২০২৬খ্রি. বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ২৯/০৬/২০২৬খ্রি. বেলা ১-১৫ ঘটিকা | ২৯/০৬/২০২৬খ্রি. বেলা ৩-৩০ ঘটিকা | ১০০% |

### ঃ শর্তাবলী ঃ

০১। একটি খেয়াঘাটের জন্য একটি খামে দরপত্র সীলগালা করে জমা দিতে হবে এবং খামের উপর খেয়াঘাটের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লেখিত দরের ১০০% (শতভাগ) অর্থ জামানত হিসেবে এবং দাখিলকৃত দরের উপর ১৫% অর্থ ভ্যাট ও ১০% অর্থ আয়কর হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর অনুকূলে পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। সর্বোচ্চ দরদাতাকে (যার দর গৃহীত হবে) অবহিত করার ০৭(সাত) দিনের মধ্যে নিজ খরচে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জেলা পরিষদের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে ব্যর্থ হলে তার ইজারা বাতিল করে দাখিলকৃত বায়না বাজেয়াপ্ত করা হবে এবং সংশ্লিষ্ট খেয়াঘাট পুনঃ ইজারা প্রদান করা হবে।

০৪। সংশ্লিষ্ট খেয়াঘাট ইজারা প্রদানের চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্ব পর্যন্ত প্রাপ্ত সর্বোচ্চ দরদাতার দরপত্রের সাথে দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে সংরক্ষিত থাকবে।

০৫। দরপত্র দাতাকে দরপত্রের সাথে তার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সত্যায়িত করে ও ০১ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি দাখিল করতে হবে।

০৬। দরপত্রে ইজারার দর অংকে ও কথায় স্পষ্ট ভাষায় লিখতে হবে। ইজারার দর কাটাকাটি হলে তা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। ইজাদারকে সর্বশেষ অনুমোদিত টোলরেট অনুযায়ী টোল আদায় করতে হবে এবং খেয়াঘাটের উভয় পাড়ে টোলরেট সাইন বোর্ড আকারে টানাতে হবে। খেয়াঘাটে অনুমোদিত টোলরেটের চেয়ে অতিরিক্ত কোন টোল আদায় করা যাবে না। খেয়াঘাটে অতিরিক্ত টোল আদায় প্রমানিত হলে ইজারাদারকে সরাসরি দায়ী করা হবে এবং জেলা পরিষদ ইজারা নীতিমালা **The East Pakistan District Council Taxation Rules-1960** এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ইজারা বাতিলের ব্যবস্থা করা হবে।

০৮। কোন কারণে যদি দরপত্র সিডিউল বিক্রি ও গ্রহণের দিন সরকার কর্তৃক ছুটি ঘোষিত হয়, তা হলে তার পরের দিন অফিস খোলা দিবসে দরপত্র সিডিউল বিক্রি ও গ্রহণ করা হবে।

০৯। এক খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য খেয়াঘাটের দরপত্র হিসেবে ব্যবহার/দাখিল করা যাবে না।

১০। ইজারাদারকে খেয়ার নৌকায়/ট্রলারে নিয়মিত জীবন রক্ষাকারী প্রয়োজনীয় সংখ্যক লাইফ জ্যাকেট ও বয়া রাখতে হবে। বন্যা/ঘূর্ণিঝড় থাকলে খেয়া পারাপার বন্ধ রাখতে হবে।

১১। প্রতিদিন ভোর ৫-০০টা হতে রাত্র ১০-০০টা পর্যন্ত একই টোলরেটে যাত্রী পারাপার করতে হবে। রাত্রিতে যাত্রীদের উঠা/নামার সুবিধার্থে উপযুক্ত আলোর ব্যবস্থা করতে হবে। প্রতি ৩০(ত্রিশ) মিনিট পর পর খেয়া পারাপার করতে হবে। খেয়াঘাটে যাত্রী কম হবার কারনে ভাড়া বৃদ্ধি করা/অতিরিক্ত সময় নষ্ট করা যাবে না।

১২। পেশাদার পাটনীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক পেশাদার পাটনী সংক্রান্ত সনদপত্র সংগ্রহ করে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৩। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা জেলা পরিষদ কর্তৃপক্ষ সংরক্ষণ করেণ।

( মোঃ আবু রিয়াদ )
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।

১৪/৬/২৬

CamScanner

স্মারক নং-৪৬.৪২.০১০০.০০০.০০১.৩১.০০২২.২৬-১২৬ /১(৭) তারিখঃ ১৪/০৬/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৫। প্রশাসক, জেলা পরিষদ, বাগেরহাট ।
০৬। পুলিশ সুপার, বাগেরহাট ।
০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট ।

( মোঃ আবু রিয়াদ )
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।

স্মারক নং-৪৬.৪২.০১০০.০০০.০০১.৩১.০০২২.২৬-১২৬ /২(৭৫) তারিখঃ ১৪/০৬/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। প্রশাসক, বাগেরহাট পৌরসভা/মোড়েলগঞ্জ পৌরসভা/মোংলা পৌরসভা, বাগেরহাট।
০২। প্রশাসক, উপজেলা পরিষদ, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/কচুয়া/চিতলমারী/ রামপাল/মোংলা/মোড়েলগঞ্জ/শরণখোলা,বাগেরহাট।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/কচুয়া/চিতলমারী/ রামপাল/মোংলা/মোড়েলগঞ্জ/শরণখোলা,বাগেরহাট।
০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ গনপূর্ত/ সড়ক ও জনপথ/ পানি উন্নয়ন বোর্ড/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট।
০৫। জেলা তথ্য অফিসার, বাগেরহাট ।
০৬। জেলা রেজিষ্টার, বাগেরহাট।
০৭। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
০৮। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট ।
০৯। সাব-রেজিষ্টার, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/কচুয়া/চিতলমারী/ রামপাল/মোংলা/মোড়েলগঞ্জ/শরণখোলা,বাগেরহাট।
১০। চেয়ারম্যান,------------------------------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), উপজেলা------------------------জেলাঃ-বাগেরহাট।
১১। পোষ্ট মাষ্টার, প্রধান ডাকঘর, বাগেরহাট।
১২। জনাব------------------------------------পিতা-------------------------------গ্রামঃ----------------------,পোঃ--------------------
উপজেলা ঃ-------------------------জেলা-বাগেরহাট ও ইজারাদার, -------------------------------------খেয়াঘাট(২০২৫-২০২৬) সন।
১৩। দারোয়ান কাম কেয়ারটেকার, জেলা পরিষদ ডাকবাংলো, উপজেলাঃ-------------------------- জেলাঃ বাগেরহাট।
১৪। নোটিশ বোর্ড, অত্রাফিস ।
১৫। অফিস কপি।

( মোঃ আবু রিয়াদ )
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।